



জাতীয় মানবাধিকার কমিশন

(জাতীয় মানবাধিকার কমিশন আইন ২০০৯ দ্বারা গঠিত সংবিধিবদ্ধ স্বাধীন প্রতিষ্ঠান)
গুলফেশাঁ প্লাজা, ৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভিন সড়ক, মগবাজার ঢাকা-১২১৭
চেয়ারম্যান # ৯৩৩৫৫১৩, সার্বক্ষণিক সদস্য # ৯৩৩৬৩৬৯, সচিব # ৯৩৩৬৮৬৩
ফ্যাক্স # ৮৩৩৩২১৯, ই-মেইল: nhrc.bd@gmail.com

তারিখ: ১৩ ফেব্রুয়ারি ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৩ ফেব্রুয়ারি ২০১৪ দৈনিক প্রথম আলোর প্রথম পৃষ্ঠায় প্রকাশিত টঙ্গী কিশোর উন্নয়ন কেন্দ্রে “২০ কিশোরের ভয়ংকর প্রতিবাদ” সংবাদের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এ সংবাদের প্রেক্ষিতে জাতীয় মানবাধিকার কমিশনের সার্বক্ষণিক সদস্য ও কমিশনের শিশুঅধিকার বিষয়ক কমিটির চেয়ারম্যান কাজী রিয়াজুল হক আজ বিকাল ৪টায় কিশোর উন্নয়ন কেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনের সময় তিনি আহত কিশোর, গাজীপুরের সহকারী জেলা প্রশাসক, টঙ্গী উপজেলার নির্বাহী কর্মকর্তা, সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা ও কিশোর উন্নয়ন কেন্দ্রের তত্ত্বাবধায়কসহ সংশ্লিষ্টদের সাথে মতবিনিময় করেন।

তিনি আহত কিশোরদের সঙ্গে আলাদাভাবে কথা বলেন। আহত কিশোরেরা কমিশনের কাছে অভিযোগ করে যে, কেন্দ্র সুপারের অসদাচরণের কারণে তারা এ নৃশংস ঘটনা ঘটিয়েছে। তারা আরও অভিযোগ করে যে কেন্দ্র সুপার তাদের শারীরিকভাবে নির্যাতন ও দুর্ব্যবহার করে। এ ধরনের অপমানজনক আচরণের প্রতিবাদ হিসেবে তারা নিজেরা নিজেদের আহত করেছে বলে জানায়।

পরিদর্শন শেষে, কাজী রিয়াজুল হক সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের সচিবকে এ বিষয়ে কার্যকর পদক্ষেপ নিতে বলেন। কমিশন কিশোরদের এসব অভিযোগের কারণ অনুসন্ধান ও তা প্রতিকারের জন্য স্থানীয় জেলা প্রশাসককে তদন্তের নির্দেশ দিয়েছে।

পরিদর্শনের অজিতা তুলে ধরে কাজী রিয়াজুল হক বলেন, কিশোরদের সংশোধনের জন্য যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা রয়েছে তাদের আরও নিবিড়ভাবে কাজ করতে হবে। কিশোরদের নিয়মিত পর্যবেক্ষণ ও পরিচর্যা করতে হবে। শিশু ও কিশোরদের অভিযোগ ও ক্ষোভগুলো মনোযোগের সাথে শুনে সমাধানের ব্যবস্থা করতে হবে। অন্যথায় এ ধরনের ঘটনা ঘটতেই থাকবে। শিশুদের সর্বোত্তম স্বার্থের কথা বিবেচনা করে শিশুবান্ধব আচরণ করতে হবে। কোন শিশু বা কিশোর যেন শারীরিক বা মানসিক নির্যাতনের শিকার না হয় তা নিশ্চিত করতে হবে। তিনি আরও বলেন, কিশোরদের বিরুদ্ধে যেসব আইনগত অভিযোগ রয়েছে তা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করে তাদের অভিভাবকদের কাছে ফিরে যাওয়ার ব্যবস্থা করতে হবে।

এ পরিদর্শনে আরও ছিলেন জাতীয় মানবাধিকার কমিশনের সচিব মোঃ তাজুল ইসলাম চৌধুরী।

ধন্যবাদসহ

মোঃ তাজুল ইসলাম চৌধুরী

সচিব, জাতীয় মানবাধিকার কমিশন

ফোন: ৯৩৩৬৮৬৩